দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 09 JUL 1989
পৃষ্ঠা 1 কলাম 4

87

09 JUL 1989

# পথকলি ট্রাস্টের প্রথম বৈঠক অনুষ্ঠিত

গতকাল রাষ্ট্রপতির সচিবালয়ে বেগম রওশন এরশাদের সভানেতৃত্বে পথকলি ট্রাস্টের প্রথম বৈঠক অনুষ্ঠিত হয়েছে। বেগম রওশন এরশাদ পথকলি ট্রাস্টের চেয়ারপারসন।

অনুষ্ঠানে সংক্ষিপ্ত ভাষণদানকালে রাষ্ট্রপতি এরশাদ বলেন, পথকলি ট্রাষ্ট একটি ভিন্নধর্মী সংগঠন। তিনি বলেন, এই সংগঠনের ওপর আমাদের ভবিষ্যৎ প্রজন্মের একটি অংশকে রক্ষার মহান দায়িত্ব রয়েছে। বেগম রওশন এরশাদও অনুষ্ঠানে ভাষণ দেন।

বৈঠকে সিদ্ধান্ত নেয়া হয় যে ১৫ বছর বয়সের নীচে যে সকল শিশু ইট ও পাথর ভাঙ্গার মত কঠিন কাজ করছে তাদেরকে আরো হাল্কা কাজে নিয়োগ করতে হবে। বৈঠকে আরো সিদ্ধান্ত নেয়া হয় যে এই ধরনের কঠিন কাজে নিয়োজিত শিশুদের সংখ্যা নির্ধারণের জন্য একটি সমীক্ষা চালানো হবে।

বৈঠকে প্রখ্যাত শিশুবিশেষজ্ঞ এম আর খানকে ট্রাস্টের অনারারি কনসালটেন্ট নিযুক্ত করা হয়। ফার্স্ট লেডী বেগম রওশন এরশাদ প্রতি সপ্তাহে দু'বার ব্যক্তিগতভাবে ট্রাস্টের জন্য দান গ্রহণ করবেন।

বৈঠকে শিক্ষামন্ত্রীকে আহ্বায়ক করে ট্রাস্টের ৩ সদস্যবিশিষ্ট কার্যকরী কমিটি গঠন করা হয়। এই কমিটি ট্রাস্টের দৈনন্দিন কাজ নির্বাহ করবেন। রাষ্ট্রপতি এরশাদ পথকলি ট্রাস্টের জন্যে পূর্ব মঞ্জুরিকৃত ১৫ লাখ টাকার একটি চেক হস্তান্তর করেন।